



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ২১-৮- ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

২১ আগস্টের গেনেড হামলার প্রতিবাদে পাবিপ্রবিত্তে মৌন ও শোক মিছিল

(২১-০৮-২০১৯)ঃ ২০০৮ সালের ২১ আগস্টের গেনেড হামলার সাথে জড়িতদের দ্রুত সাজা কার্যকরের জোড় দাবী জানিয়েছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা। ২১ আগস্টের হামলার প্রতিবাদে আজ বুধবার ক্যাম্পাসে মৌন ও শোক মিছিল শেষে এক আলোচনা সভায় এই দাবী জানানো হয়। প্রক্টর অফিসের উদ্যোগে এই কর্মসূচি পালন করা হয়।



(২১/০৮/২০১৯) মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপর ২০০৮ সালের ২১ আগস্ট গেনেড হামলার প্রতিবাদে এবং নিহতদের স্মরণে পাবিপ্রবিত্তে মৌন ও শোক মিছিল।

সকাল ১০টায় প্রশাসন ভবনের সামনে থেকে মৌন ও শোক মিছিল বের হয়। মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। এরপর প্রশাসন ভবনের সামনে এক আলোচনা সভায় ভারপ্রাপ্ত উপাচার্য এর দায়িত্বে উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু হত্যার ধারাবাহিকতায় ২০০৮ সালের ২১ আগস্টের হামলার ঘটনা ঘটে। তৎকালীন সরকারের পৃষ্টপোষকতায় রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে আওয়ামীলীগ সভাপতি জননেত্রী শেখ হাসিনাসহ সকল শীর্ষনেতৃত্বকে শেষ করার ষড়যন্ত্র খুবই ন্যাকারজনক। রাষ্ট্র পরিচালনার দায়িত্বপ্রাপ্তরা কতটা খারাপ ও পৈশাচিক হলে এ রকম ঘটনার নেতৃত্ব দিতে পারে। ষড়যন্ত্রকারীরা শেখ হাসিনাকে শেষ করতে পারলে আওয়ামীলীগ তথা বাংলাদেশকে ধ্বংস করে জঙ্গীরাষ্ট্র কায়েম করত। এই নৃশংস হামলার সাথে জড়িত সকল ব্যক্তির দ্রুত সাজা কার্যকর করে বাংলাদেশকে জঙ্গীমুক্ত করা হোক।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, আওয়ামীলীগ তথা শেখ হাসিনার মুক্তিযুদ্ধের চেতনার রাজনীতি তথা আদর্শের কাছে ব্যর্থ হয়ে জঙ্গী রাষ্ট্র কায়েম করার জন্য বিএনপি জামায়াত সরকার পরিকল্পিতভাবে এই হামলার ঘটনা ঘটায়। শেখ হাসিনা তথা আওয়ামীলীগকে শেষ করে মুক্তিযুদ্ধের চেতনা ধ্বংস করতে চেয়েছিল তৎকালীন সরকার। অথচ শেখ হাসিনা এখন সারা পৃথিবীর মানুষের কাছে ন্যায় এবং মানবতার আইডল। ২১ আগস্ট ঘটনার নায়কদের দ্রুত শাস্তি বাস্তবায়নের মাধ্যমে সকল অপশক্তিমুক্ত বাংলাদেশ গড়তে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রক্টর ড. প্রীতম কুমার দাসের সঞ্চালনায় আরো বক্তব্য দেন, শিক্ষক সমিতির সভাপতি ড. ওমর ফারুক, সাধারণ সম্পাদক ড. ফজলুল হক, কর্মকর্তা পরিষদের সভাপতি রফিকুল ইসলাম, কর্মচারী পরিষদের সহসভাপতি ইশতায়িক আহমেদ। এসময় আরো উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক লে.কর্ণেল জিএম আজিজুর রহমান(অব)ঃ, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ সাইফুল ইসলাম, দিনদের মধ্যে প্রফেসর ড. মোঃ মুশফিকুর রহমান, ড. শেখ রাসেল আল আহমেদ, ডীন ও বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. মোঃ হাবিবুল্লাহ, সাধারণ সম্পাদক আওয়াল কবির জয়, ছাত্র উপদেষ্টা মাহমুদুল ইসলাম, রিজেন্টবোর্ডের সদস্য ড. আব্দুল আলিম, সিনিয়র শিক্ষকদের মধ্যে প্রফেসর মীর খালেদ ইকবাল চৌধুরী, ড. মোঃ খায়রুল ইসলাম, ড.মোঃ আমিরুল ইসলাম, মোঃ রাশেদুল হক, অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার বন্কাসহ বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান,সহকারী প্রক্টরবৃন্দ শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা।
শেষে নিহতদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-

২১/০৮/২০১৯

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

০১৭১১৯৪২২১২